ঝিনাইদহে কাবাডি ও ভলিবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

ঝিনাইদহে মাদকবিরোধী সচেতনতা তৈরির লক্ষ্যে কাবাডি ও ভলিবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। রোববার দিনব্যাপী বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে জেলা প্রশাসন ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে এ টুর্নামেন্টের আয়োজন করা হয়।

রোববার (২৮ ডিসেম্বর) সকালে টুর্নামেন্টের উদ্বোধন করেন ঝিনাইদহের পুলিশ সুপার মোহাম্মদ মাহফুজ আফজাল। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকারের উপ-পরিচালক রথীন্দ্রনাথ রায়, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সুবীর কুমার দাশ এবং জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক শেখ মোহাম্মদ হাসেম আলীসহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তা ও ক্রীড়া সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে শুরু হয় কাবাডি ও ভলিবল প্রতিযোগিতা। এতে ঝিনাইদহ জেলার ছয়টি উপজেলার কাবাডি ও ভলিবল দল অংশগ্রহণ করে। দিনভর চলা খেলায় খেলোয়াড়দের প্রাণবন্ত অংশগ্রহণ ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ পারফরম্যান্স দর্শকদের মাঝে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি করে। তীব্র উত্তেজনাপূর্ণ এসব খেলা উপভোগ করতে স্টেডিয়ামে ভিড় করেন বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। দুপুরের পর অনুষ্ঠিত হয় ফাইনাল খেলা। কাবাডির ফাইনালে সদর উপজেলা ও হরিণাকুন্ডু উপজেলা মুখোমুখি হয়। জমজমাট ও উত্তেজনাকর ম্যাচে ২৪-১৪ পয়েন্টে হরিণাকুন্ডু উপজেলাকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে সদর উপজেলা কাবাডি দল।

অপরদিকে ২৫-১১ পয়েন্টে ভলিবলে সদর উপজেলাকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় হরিণাকুন্ডু উপজেলা। খেলা শেষে বিজয়ী ও রানার্সআপ দলের খেলোয়াড়দের হাতে ট্রফি ও পুরস্কার তুলে দেন অতিথিরা। এ সময় আয়োজকরা ভবিষ্যতেও মাদকবিরোধী সচেতনতা বৃদ্ধিতে এ ধরনের ক্রীড়া আয়োজন অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন।

মেহেরপুরের আমঝুপিতে যুব সমাজের মাঝে ভলিবল সামগ্রী বিতরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের চাঁদবিল গ্রামের তেতুলতলা এলাকার যুব সমাজের মাঝে ভলিবল ও ভলিবল খেলার নেট উপহার প্রদান করেছে মেহেরপুর জাতীয় নাগরিক পার্টি। তরুণদের সুস্থ বিনোদন, দলগত চেতনা এবং ইতিবাচক চর্চা বাড়ানোর লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়।

সংগঠনের নেতৃবৃন্দ জানান, নিয়মিত খেলাধুলা শুধুই বিনোদন নয় এটি তরুণদের জীবনে শৃঙ্খলা, আত্মবিশ্বাস ও সঠিক পথের দিশা তৈরি করে। মাঠমুখী যুব সমাজ স্বাভাবিকভাবেই মাদক, অনলাইন জুয়া ও অন্যান্য ক্ষতিকর প্রবণতা থেকে দূরে থাকে।

তারা আরও বলেন, এ ধরনের সামাজিক উদ্যোগ তরুণদের দক্ষতা উন্নয়নের পাশাপাশি একটি সুস্থ, নিরাপদ ও সমন্বিত সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। যুবকরাই আগামী দিনের শক্তি তাদের পাশে দাঁড়ানোই আমাদের দায়িত্ব এবং কর্তব্য।

খেলাধুলার বিকল্প কখনোই ডিজিটাল ডিভাইস হতে পারে না

মেহেরপুরের জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির বলেন, একটি সুস্থ জাতি গঠন করতে হলে একটি সুস্থ মনের দরকার, একটি জ্ঞানভিত্তিক সমাজ দরকার এবং সেটা জন্য একটি সুস্থ দেহ দরকার। সুস্থ দেহের মধ্যেই সুস্থ মন বাস করে। বাংলাদেশে অনেক ঐতিহ্যবাহী খেলাধুলা

রয়েছে এর মধ্যে কাবাডি একটি উল্লেখযোগ্য খেলা।

এছাড়াও রয়েছে হাডুডু, গোল্লাছুট আমাদের এই গ্রামীণ খেলাগুলো ঠিকমতো আর প্র্যাকটিস হচ্ছে না। এর কারণ হচ্ছে আমাদের ছেলেমেয়েরা, শিক্ষার্থীরা খেলার
মাঠ বিমুখ হয়ে গেছে। তারা
মোবাইলের দিকে ঝুঁকে পড়েছে।
আমি এটাকে বলছি ডিজিটাল ডিভাইস
দূষণ। এর কারণে আজকে
শিক্ষার্থীদের খেলাধুলার দিকে
মনোযোগ নেই। এই মনোযোগ
আমাদের ফিরিয়ে আনতে হবে।
খেলাধুলার বিকল্প কখনোই ডিজিটাল ডিভাইস হতে পারে না। ভার্চুয়াল জগত কখনোই বাস্তব জগতের বিকল্প হতে পারে না। তাদের সকলকে অ্যাকচুয়াল জগতে ফিরে আনতে হবে।



শনিবার সকাল ১০টায় মেহেরপুর জেলা স্টেডিয়ামে সদর উপজেলা গোল্ডকাপ ভলিবল ও কাবাডি প্রতিযোগিতার উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

তিনি আরও বলেন, ডিজিটাল ডিভাইস পলিউশনের জন্য আমাদের ইয়াং জেনারেশন অসুস্থ হয়ে যাচ্ছে। তাদের ওখান থেকে ফিরে আনার আমাদের যে বড় প্রচেষ্টা, তারই অংশ আজকের এই আয়োজন। এই আয়োজনের মাধ্যমে আমরা উন্নত বাংলাদেশ গড়ার জন্য যে উন্নত জাতি প্রয়োজন, তা গড়ার একটি পদক্ষেপ।

মাদক ও অনলাইন জুয়া নিয়ে তিনি বলেন, মেহেরপুরে মাদক রোধে যা যা করণীয়, তা জেলা প্রশাসন ও সদর উপজেলা প্রশাসনসহ আমাদের অন্যান্য দপ্তরগুলোকে সঙ্গে নিয়ে আমরা সমন্বিতভাবে কাজ শুরু করব এবং ইতিমধ্যেই কিছু কাজ শুরু করেছি। অনলাইন জুয়ার মতো এত বড় একটি ছোবলে অনেকেই বিপদগ্রস্ত হয়ে গেছে। অনেকেই ঘরবাড়ি হারিয়ে ফেলেছে। যারা এর পেছনে আছে, তাদের আমরা খুঁজে বের করে আইনের আওতায় নিয়ে আসব।

প্রতিযোগিতার সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) খাইরুল ইসলাম।

সভাপতির বক্তব্যে তিনি বলেন, মাদকের অন্ধকার গহ্বর থেকে বেরিয়ে আসার সবচেয়ে বড় হাতিয়ার হলো খেলাধুলা। আজকের যুবক যদি

স্মার্টফোনের গেমে ডুবে থাকে, তাহলে তার শরীর-মন দুটোই নষ্ট হবে। আমি চাই, মোবাইলের স্ক্রিন নয় খেলার মাঠই হোক তোমাদের আড্ডাখানা। মাদক নয়, ঘাম ঝরানোই হোক তোমাদের নেশা। ভবিষ্যৎ প্রজন্মকে মাদকাসক্ত হতে না দিতে আজকের যুবকদেরই অগ্রণী ভূমিকা পালন করতে হবে। পড়াশোনার পাশাপাশি খেলাধুলা শরীরকে সুস্থ রাখে, মনকে প্রফুল্ল রাখে এবং চরিত্র গঠনে সহায়তা করে।

কুচকাওয়াজ, জাতীয় সংগীত, রঙিন বেলুন ও ট্রফি উন্মোচনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে এ প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

এসময় জেলা ও উপজেলা ক্রীড়া সংস্থার সদস্যবৃন্দ, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-মেম্বারগণ, শিক্ষক, সাংবাদিক এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতায় সদর উপজেলার ৭টি ইউনিয়ন ও মেহেরপুর পৌরসভার ১টি মোট ৮টি দল ভলিবল ও কাবাডি দুটি ইভেন্টে অংশগ্রহণ করছে।

মুজিবনগরে ভলিবল, কাবাডি এবং ব্যাডমিন্টন টুর্নামেন্ট

“এসো দেশ বদলায় পৃথিবী বদলায়” নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তারুণ্যের উৎসব ২০২৫ -উদযাপনে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, ভলিবল,কাবাডি এবং ব্যাডমিন্টন টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।

টুর্নামেন্ট উপলক্ষে আজ বৃহস্পতিবার সকাল থেকে উপজেলা পরিষদ খেলার মাঠে ভিড় করে উপজেলার চারটি ইউনিয়নের ভলি, কাবাডি এবং ব্যাডমিন্টন দল এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রী শিক্ষক এবং উৎদামি তরুণ ও সাধারণ মানুষ।

টুর্নামেন্টের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল। এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর ইনচার্জ মিজানুর রহমান মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান,

গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম, ছাত্র প্রতিনিধি তুষার সহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ ।

দিন ব্যাপী আয়োজনে টুর্নামেন্টে উপজেলার বাগোয়ান, মোনাখালি, দারিয়াপুর ও মহাজনপুর ইউনিয়নের ইউনিয়ন দল অংশগ্রহণ করেন। কাবাডিতে বাগোয়ান ইউনিয়ন কাবাডি দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং রানার আপ দারিয়াপুর ইউনিয়ন দল । দ্বৈত ব্যাডমিন্টন টুর্নামেন্টে দারিয়াপুর ইউনিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে রানারআপ বাগোয়ান ইউনিয়ন দল এবং ভলিবল টুর্নামেন্টে মোনাখালি ইউনিয়ন দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং রানারআপ হয় দারিয়াপুর ইউনিয়ন দল।

টুর্নামেন্ট শেষে বিকেলে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের বিজয়দের মাঝে পুরস্কার বিতরণ করেন।এ সময় উপস্থিত ছিলেন, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আহসান মোস্তাফিজুর রহমান এবং ছাত্র প্রতিনিধি তুষার।

গাংনীতে তারুণ্যের উৎসব ভলিবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

পুরো টূর্ণামেন্ট জুড়েই ছিল দর্শকদের উচ্ছাস আর টান টান উত্তেজনা। দর্শকদের মূর্হমূর্হ করতালিতে দর্শক গ্যালারী ছিল উচ্ছাসিত। শ্বাসরুদ্ধকর প্রীতি ম্যাচে ৩-২ সেটে গাংনী পৌর ভলিবল দলকে পরাজিত করে বিজয় লাভ করেছে তেঁতুলবাড়িয়া ইউনিয়ন ভলিবল দল।

তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে “এসো দেশ বদলাই পৃথিবী বদলাই ’ এই প্রতিপাদ্য নিয়ে গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ ক্যাম্পাসে আজ শুক্রবার বিকেল ৩ টার সময় টুর্নামেন্টের ৪র্থ দিনের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। গাংনী উপজেলা প্রশাসনের

আয়োজনে অনুষ্ঠিত ভলিবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় গাংনী পৌর ভলিবল দলকে ৩-২ সেটে পরাজিত করে তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন ভলিবল দল উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। খেলায় ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন তেঁতুলবাড়িয়া ইউনিয়ন দল (বিজয়ী দলে) র শুভ। গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে খেলাটি উপভোগ করেন এবং চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলের হাতে পুরস্কার তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মনসুর রহমান, উপজেলা প্রকৌশলী ফয়সাল আহমেদ, উপজেলা বিআরডিবি কর্র্মকর্তা মুস্তাফিজুর রহমান, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মাসুম, কাজীপুর ইউপি চেয়ারম্যার মুহঃ আলম হুসাইন, বাঁশবাড়ীয়া টেকনিক্যাল এন্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, ছাত্র সমন্বয়ক মুজাহিদুল ইসলাম প্রমুখ।

খেলায় রেফারির দায়িত্ব পালন করেন করমদি ডিগ্রি কলেজের শিক্ষক এ এস এম সায়েম পল্টু ও গাংনী উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক আতর আলী। ধারাভাষ্যে ছিলেন ক্রিড়া সংগঠক সুলেরী আলভী। ৫ টি দল নিয়ে লীগ টুর্নামেন্টে গতকাল বৃহস্পতিবার দিনব্যাপী খেলায় গাংনী পৌর ভলিবল দল ৮ পয়েন্ট নিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। পক্ষান্তরে উপজেলার তেঁতুলবাড়ীয়া ভলিবল দল ৬ পয়েন্ট নিয়ে রানার্স আপ লাভ করে।

খেলা শেষে বিজয়ী ও রানার্স আপ দলের টিম ম্যানেজমেন্টের হাতে পুরস্কার হিসেবে ট্রফি এবং খেলোয়াড়দের ম্যাডেল প্রদান করেন অনুষ্ঠানের প্রধান অতিথি গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

জাতীয়দলের খেলোয়াড় পারভেজ মোশারফ ও জাতীয় ভলিবল দলের সাবেক কোচ সংবর্ধিত

২১তম এশিয়ান অনুর্ধ্ব-২০ ভলিবল চ্যাম্পিয়নশীপ ২০২২ এ বাংলাদেশ জাতীয়দলের সর্ব কনিষ্ঠ খেলোয়াড় পারভেজ মোশারফ ও গাংনী ভলিবল একাডেমীর কোচ, বাংলাদেশ জাতীয় ভলিবল দল ও বাংলাদেশ সেনাবাহিনীর ভলিবল দলের সাবেক অধিনায়ক আফজাল হোসেনকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।
শুক্রবার বিকেল সাড়ে ৪টার দিকে গাংনী উপজেলা পরিষদ চত্বরে গাংনী ভলিবল একাডেমী এ সংবর্ধনার আয়োজন করে।
আয়োজক কমিটির আহবায়ক ও সাবেক ক্রীড়া শিক্ষক আশরাফুল হকের সভাপতিত্বে সংবর্ধণা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম।
এসময় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা জজ কোর্টের আইনজীবি আতাউল হক আন্টু, শিক্ষক নেতা সৈয়দ জাকির হোসেন,ক্রীড়া ব্যক্তিত্ব আমিনুল ইসলাম রতন, প্রভাষক শাহিনুজ্জামান, করমদী ডিগ্রী কলেজের শারীরিক শিক্ষক আবু সায়েম পল্টু, ক্রীড়া ব্যক্তিত্ব আতর আলী, সাহাবউদ্দীন মাস্টার, ক্রীড়াপ্রেমী রফিকুল ইসলাম, সংবর্ধিত আফজাল হোসেন ও পারভেজ মোশারফ প্রমুখ।
অনুষ্ঠানটি পরিচালনা করেন সাবেক ফুটবলার ও গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম।
সংবর্ধিত পারভেজ মোশারফ ও গাংনী ভলিবল একাডেমীর কোচ আফজাল হোসেনকে ক্রেষ্ট প্রদান করা হয়।